

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৭৮৬
খোয়াই, ৯ সেপ্টেম্বর, ২০২৫

শারদোৎসব : খোয়াইয়ে প্রস্তুতি সভা অনুষ্ঠিত

খোয়াই জেলায় আসন্ন শারদোৎসব সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে আয়োজনের লক্ষ্যে আজ খোয়াই মহকুমা প্রশাসনের উদ্যোগে নতুন টাউনহলে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। খোয়াই পুর পরিষদের চেয়ারপার্সন দেবাশিষ নাথ শর্মা, মহকুমা শাসক নির্মল কুমার, মহকুমা পুলিশ আধিকারিক ডি কুদীয়া রাসু প্রমুখ উপস্থিত ছিলেন।

প্রস্তুতি সভায় খোয়াই পুর পরিষদের চেয়ারপার্সন দেবাশিষ নাথ শর্মা সরকারি নিয়মনীতি মেনে দুর্গাপূজা আয়োজন করার জন্য সবার প্রতি আহ্বান জানান। মহকুমা শাসক নির্মল কুমার পূজা আয়োজনের জন্য বিভিন্ন সরকারী নিয়মাবলী সভায় তুলে ধরেন। মহকুমা পুলিশ আধিকারিক শান্তিপূর্ণভাবে পূজা আয়োজনের জন্য ক্লাবগুলির সহযোগিতা কামনা করেন। তিনি জানান, শান্তিপূর্ণভাবে দুর্গাপূজা আয়োজনের জন্য পুলিশ প্রশাসনের পক্ষ থেকে সব ধরনের ব্যবস্থা নেওয়া হবে। প্রস্তুতি সভায় বিভিন্ন ক্লাবের প্রতিনিধি এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন।
